

০২.	সমবায় সমিতির নিরীক্ষা/ অডিট সংক্রান্ত সেবা	সংশ্লিষ্ট নিবন্ধক কর্তৃক বরাদ্দ প্রদান সাপেক্ষে এই উপজেলায় নিবন্ধিত প্রত্যেক কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির হিসাবপত্র এবং ব্যবস্থাপনা সম্পর্কীয় বিষয়াদি প্রতি সমবায় বর্ষে (১লা জুলাই -৩০শে জুন) অন্ততঃ একবার নিরীক্ষা করা হয়ে থাকে।	সমবায় আইন ও বিধির আলোকে কেন্দ্রীয় সমিতি সমবায় বর্ষ আরম্ভ হওয়ার ৬মাসের মধ্যে অর্থাৎ ১লা জুলাই হতে ৩১ডিসেম্বর এবং প্রাথমিক সমিতি ৯ মাসের মধ্যে অর্থাৎ ১লা জুলাই হতে ৩১ মার্চের মধ্যে নিরীক্ষা সম্পন্ন করা হয়।
০৩.	প্রশিক্ষন সংক্রান্ত সেবা	উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে সর্বোচ্চ ২৫ জন সমবায়ীর অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে জেলা ভ্রাম্যমান প্রশিক্ষন দল কর্তৃক বিভিন্ন বিষয়ের উপর ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয়। অন্যদিকে বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট নরসিংদী, মুজাগাছা ও ফরিদপুরে বহরব্যাপী অনুষ্ঠিতব্য কম্পিউটার, হস্তশিল্প, মোবাইল, সেলাই, মাশরুম, সমবায় ব্যবস্থাপনা, সমবায় আইন, নিরীক্ষা ইত্যাদি ট্রেডভিত্তিক বিভিন্ন প্রশিক্ষন কোর্সে চাহিদা মোতাবেক প্রশিক্ষণার্থী/সমবায়ী প্রেরণ করা হয়।	ভ্রাম্যমান প্রশিক্ষন ১(এক) দিনের জন্য সমিতির কার্যালয়ে বা সু-বিধাজনক স্থানে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষন ইনস্টিটিউটে সর্বনিম্ন ৫দিন হতে সর্বোচ্চ ১৫-২১ দিন মেয়াদী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।